

ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৫৩) মাসেহ বৈধ হওয়ার সময় সীমা অতিবাহিত হওয়ার পর কেউ যদি তাতে মাসেহ করে নামায আদায় করে, তবে তার নামাযের বিধান কি?

মাসেহ বৈধ হওয়ার সময় সীমা অতিবাহিত হওয়ার পর যদি ওয়ু ভঙ্গ হয় এবং তাতে মাসেহ করে নামায আদায় করে, তবে পুনরায় পা ধৌতসহ ওয়ু করতে হবে এবং পুনরায় উক্ত নামায আদায় করতে হবে। কেননা সে পা ধৌত করেনি, ফলে অপূর্ণ ওয়ু দ্বারা নামায আদায় করেছে। কিন্তু যদি মাসেহ করার সময় সীমা অতিবাহিত হওয়ার পর সে পবিত্র অবস্থাতেই থাকে ওয়ু ভঙ্গ না হয় এবং নামায আদায় করে, তবে তার নামায বিশুদ্ধ। কেননা মাসেহ করার সময় সীমা শেষ হওয়া ওয়ু ভঙ্গের কারণ নয়। যদিও কতিপয় বিদ্বান বলেন, সময় সীমা শেষ হলেই ওয়ু ভঙ্গ হয়ে যাবে। কিন্তু এটা বিনা দীললের কথা।

অতএব মাসেহের নির্দিষ্ট সীমা শেষ হওয়ার পর কেউ যদি পবিত্র অবস্থাতেই থাকে- যদিও পূর্ণ এক দিক্ত তবে সে নামায পড়ে যাবে। কেননা শরঈ দীললের ভিত্তিতে তার পবিত্রতা বা ওয়ু প্রমাণিত হয়েছে। সুতরাং তার ওয়ু ভঙ্গ হয়েছে, দীলল ছাড়া একথা বলা যাবে না। আর মাসেহের সময়সীমা শেষ হলেই ওয়ু নষ্ট হয়ে যাবে এমন কথা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে প্রমাণিত নেই। (আল্লাহই অধিক জ্ঞান রাখেন)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=684>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন